



'समानो मन्त्रः समितिः समानी'

UNIVERSITY OF NORTH BENGAL

MDC 1st Semester Examination, 2023

UPOAMDC11002-PERFORMING ARTS

Time Allotted: 2 Hours 30 Minutes

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

- ১। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) পরিবেশনমূলক শিল্পকলা বলতে কী বোঝায়? ভারতীয় পরিবেশনমূলক শিল্পকলার লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করো।
- (খ) ভারতীয় ধ্রুপদী সংগীত ও লোকসংগীতের মধ্যে পার্থক্য আলোচনা করো।
- (গ) ট্রাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি লেখো। গ্রীক ট্রাজেডি ও শেক্সপীরিয় ট্রাজেডির পার্থক্যগুলি উল্লেখ করো।
- (ঘ) 'ভাওয়াইয়া' সঙ্গীত কোন অঞ্চলে প্রচলিত? এই সঙ্গীতের ভাগগুলি কী কী, তাদের পরিচয় দাও।
- (ঙ) ভরতমুনির অনুসরণে রসনিষ্পত্তির মূলসূত্রটি উল্লেখ করো। তিনি ক'টি রসের উল্লেখ করেছেন, সেগুলি কী কী?
- (চ) দক্ষিণ ভারতে প্রচলিত যে-কোনো একটি নৃত্যশৈলী সম্পর্কে আলোচনা করো।
- (ছ) 'ছৌ' নৃত্য কোন অঞ্চলে প্রচলিত? এই নৃত্যের বিষয় ও পরিবেশন পদ্ধতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (জ) যে-কোনো দুটি ভারতীয় লোকনাট্য সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো।

বিভাগ-খ

- ২। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর লেখোঃ ৩×৮ = ২৪
- (ক) নিম্নলিখিত নৃত্যশৈলীগুলি ভারতের কোন কোন অঞ্চলে প্রচলিত তা লেখোঃ
কথক, কথাকলি, বিহু
- (খ) ঢাকা লেখোঃ (যে-কোনো একটি)
নাট্যশাস্ত্র, ফাগ
- (গ) 'বাউল' গানে কোন বাদ্যযন্ত্র ব্যবহার করা হয়? যন্ত্রটির পরিচয় দাও।
- (ঘ) যে কোনো তিনটি তালের নাম ও তাদের মাত্রা বিন্যাস লেখো।
- (ঙ) 'ঠাট' কাকে বলে? হিন্দুস্থানী পদ্ধতিতে 'ঠাট' কয়টি?
- (চ) 'আলকাপ' কী? এর সংক্ষিপ্ত পরিচয় দাও।

- (ছ) 'নৌটক' কাকে বলে ? যাত্রার সঙ্গে এর একটি পার্থক্য লেখো।
(জ) 'দেউসী' শব্দের অর্থ কী ? দু-চার কথায় এই সঙ্গীতের পরিচয় দাও।
(ঝ) সংক্ষেপে পরিচয় দাওঃ (যে-কোনো একজন সম্পর্কে)
তানসেন, বিরজু মহারাজ
(ঞ) 'শ্রুতি' কাকে বলে ? 'শ্রুতি' মোট কয়টি ?
(ট) 'ওড়িশি' কোন অঞ্চলের নৃত্যশৈলী ? এর দুটি বৈশিষ্ট্য লেখো।
(ঠ) নাটকে মঞ্চসজ্জার গুরুত্ব সংক্ষেপে লেখো।

বিভাগ-গ

৩। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাওঃ

২ × ৬ = ১২

- (ক) 'বন্দিশ' কাকে বলে ? এর ভাগগুলি লেখো।
(খ) 'খামাজ ঠাটে'র উপর কোন রাগ তৈরী ?
(গ) 'সপ্তক' কাকে বলে ? সপ্তকের ক'টি ভাগ ও কী কী ?
(ঘ) 'ভাটিয়ালী' গান কোন অঞ্চলে প্রচলিত ? এর মূল উপজীব্য বিষয় কী ?
(ঙ) 'ক্যাথারসিস'-এর সংজ্ঞা লেখো।
(চ) 'গম্ভীরা' গান কোন অঞ্চলে প্রচলিত ? এই গানে কোন দেবতার কথা বলা হয়েছে ?
(ছ) দু'টি লোকনৃত্যের নাম লেখো। ঐ নৃত্যগুলি কোন অঞ্চলে প্রচলিত ?
(জ) 'প্রসেনিয়াম মঞ্চ' বলতে কী বোঝ ?
(ঝ) 'সঙ্গিনী' গান কোন উৎসব উপলক্ষ্যে পরিবেশিত হয় ? এটি কারা পরিবেশন করেন ?
(ঞ) দু'টি উৎসব কেন্দ্রীক লোকসংগীতের নাম লেখো। কোন অঞ্চলে ঐ লোকসংগীতগুলি প্রচলিত লেখো।

—x—